# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/১১৬ তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ / ০৬ জুলাই ২০২২

**বিষয় : এমপিও বন্ধের সুপারিশসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে**

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৪৯; তারিখ: ২০.০৯.২০২১ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা এর স্মারক নং ০৫.৪৪.৮৭৯০.০০০.৩২.০০৬.২০-৩৩১; তারিখ: ১৩.০৪.২০২২ খ্রি.
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৯১; তারিখ: ২৬.০৫.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন শিরাশুনী দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ সিরাজুল ইসলামের (ইনডেক্স-K364003) বিরুদ্ধে জাল কমিটি তৈরি করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন সহ বিভিন্ন অভিযোগের বিষয়ে সাবেক সভাপতি জনাব এম, এম, আবুল হোসেনের অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরাকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা সরেজমিন তদন্ত করে প্রতিবেদন সূত্রোক্ত ০২ নং স্মারকে বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনায় দেখা যায়, ০১/০৪/২০১৩ খ্রি. তারিখ হতে উক্ত মাদ্রাসায় হাল সন পর্যন্ত বোর্ড কর্তৃক কোনো অনুমোদিত কমিটি নেই। সুপার জনাব মোঃ সিরাজুল ইসলাম ৩১/১২/২০১৬, ০১/০১/২০১৭, ০১/০১/২০১৯ ও ০১/০১/২০২০ খ্রি. তারিখে জাল-জালিয়াতির মাধ্যমে অসৎ উপায়ে কমিটির কপি সৃজন করেছেন। ০১/০৪/২০১৩ হতে জুলাই/২০২১ পর্যন্ত কমিটির নামে অসত্য তথ্য ব্যবহার করে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে সরকারি বেতন ভাতা উত্তোলন করেছেন। ০৫/০১/২০২১ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়ে সুপারের নিজ ছেলে মোঃ সাইফুল ইসলাম কবির (ইনডেক্স-M0016249) কে সহকারী গ্রন্থাগারিক পদে, মোঃ শরিফুল ইসলাম (ইনডেক্স-M0016202) কে নিরাপত্তা কর্মী পদে ও আয়া পদে (আয়া পদ এমপিও হয়নি) নিয়োগ দিয়ে এমপিওভুক্ত করেছেন। সুপার তাঁর অপরাধ মৌখিকভাবে স্বীকার করেছেন মর্মেও তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায়, উক্ত মাদ্রাসার সুপারের বিরুদ্ধে এমপিও বন্ধের সুপারিশসহ কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রদানের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে পত্র দেয়া হলে সুপার জবাব দাখিল করেছেন। উক্ত লিখিত জবাব পর্যালোচনায় জবাবটি সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয় (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সুপার জনাব মোঃ সিরাজুল ইসলাম (ইনডেক্স-K364003) এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও বোর্ডের রক্ষিত নথি যাচাইয়ান্তে প্রমাণিত হওয়ায় সুপারের এমপিও স্থগিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক .20.(বিশ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৬/৭/২২
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
০৬/৭/২২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম এবং ১০ তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।

নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/১১৬ তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ / ০৬ জুলাই ২০২২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা;
৬. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ..............................শাখা, তালা, সাতক্ষীরা;
৭. জনাব মোঃ সিরাজুল ইসলাম, শিরাশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৮. শিক্ষক/কর্মচারীবৃন্দ, শিরাশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৯. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. জনাব এম, এম, আবুল হোসেন (অভিযোগকারী), সাবেক সভাপতি, শিরাশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
১১. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১২. অফিস কপি।

৬/৭/২২
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd
০৬/৭/২২

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/১১৭

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ / ০৬ জুলাই ২০২২

**বিষয় : মাদ্রাসার জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/সাত-১৬৬/৪৯; তারিখ: ২০.০৯.২০২১ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা এর স্মারক ০৫.৪৪.৮৭৯০.০০০.৩২.০০৬.২০-৩৩১; তারিখ: ১৩.০৪.২০২২ খ্রি.।
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশা/সাত-১৬৬/১১৬; তারিখ: ০৬.০৭.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার তালা উপজেলাধীন শিরাশুনী দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ সিরাজুল ইসলামের (ইনডেক্স-K364003) বিরুদ্ধে জাল কমিটি তৈরি করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন সহ বিভিন্ন অভিযোগের বিষয়ে সাবেক সভাপতি জনাব এম, এম, আবুল হোসেনের অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরাকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা সরেজমিন তদন্ত করে প্রতিবেদন সূত্রোক্ত ০২ নং স্মারকে বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনায় সুপারের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে। সুপারের এ ধরনের কাজ পেশাগত অসদাচরণ এবং শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তাঁর এমপিও স্থগিতের জন্য সূত্রোক্ত ০৩ নং স্মারকে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মাদ্রাসার জ্যেষ্ঠ শিক্ষক কে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরাকে কে অনুরোধ করা হলো এবং দায়িত্ব প্রাপ্ত ভারপ্রাপ্ত সুপারের মাধ্যমে নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি এবং একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির আবেদন অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৬/৭/২২

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৬/৭/২২

উপজেলা নির্বাহী অফিসার
তালা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/সাত-১৬৬/১১৭

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ / ০৬ জুলাই ২০২২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):</u>

১. মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
২. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তালা, সাতক্ষীরা;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, ..............................শাখা, তালা, সাতক্ষীরা;
৬. জনাব মোঃ সিরাজুল ইসলাম, শিরাশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৭. শিক্ষক/কর্মচারীবৃন্দ, শিরাশুনি দাখিল মাদ্রাসা, তালা, সাতক্ষীরা;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

৬/৭/২২


মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০৬/৭/২২